

## চারা/কলম রোপন ও রক্ষণাবেক্ষণ কৌশল

**চারা/কলম রোপনের সময় নিচের কৌশল অবলম্বন করলে সফলতা বেশি আসে।**


চারা রোপনের জন্য নির্বাচিত স্থানটি ভালভাবে পরিস্কার করতে হবে।




গর্ত খনন করার নিচের মাটি একদিকে এবং উপরের মাটি অন্যদিকে রাখতে হবে।




চারা রোপনের জন্য বড়সড় আয়তনের একটি গর্ত খনন করতে হবে।




সবল সতেজ রোগমুক্ত চারা নির্বাচন করতে হবে। রুগ্ন বা দুর্বল চারা নয়।



সাবধানে পলিব্যাগ অপসারণ করতে হবে। যাতে চারার গোড়ার মাটি চাকা ভেঙ্গে না যায়।



গোড়ার মাটির চাকা সমেত সযত্নে গর্তে বসিয়ে দিতে হবে।



বীজতলায় চারাটি যতটুকু অংশ মাটির নিচে ছিল রোপনের সময় ঠিক ততটুকু অংশ মাটির নিচে রাখতে হবে।



চারার চারপাশে ফাঁকা জায়গায় প্রথমে উপরের উর্বর মাটি এবং পরে নিচের মাটি পূরণ করতে হবে।




চারার চারপাশের মাটি ভালভাবে চেপেঠেসে দিতে হবে। যাতে কোন ফাঁকা জায়গা না থাকে।



রোপনের পরপরই চারার গোড়ায় পানি দিতে হবে।



চারা যাতে হেলে না পড়ে সে জন্য শক্ত খুঁটির সাথে চারা বেঁধে দিতে হবে।



খাঁচা দিয়ে চারাকে গবাদি পশুর আক্রমণ থেকে রক্ষা করতে হবে।



**চারা বা কলম রোপণ পরবর্তী পরিচর্যা**

* চারার গোড়ায় পানি দেয়া বা অতিরিক্ত পানি সরিয়ে ফেলা।
* মাটি আলগা করা এবং প্রয়োজনে গোড়ায় মাটি দেয়া।
* আগাছা পরিস্কার করা।
* আক্রান্ত বা মরা চারা তুলে নতুন চারা লাগানো।